



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর।  
www.dinajpureducationboard.gov.bd

সংশোধিত

স্মারক নং : দিশিবে/পনি/মাধ্য-পরী/২০১২/৪৫(২৩০)

তারিখ : ২৫/০১/২০১২ খ্রিঃ

বিষয় : ২০১২ সালের এসএসসি পরীক্ষা পরিচালনার জন্য “কেন্দ্র কমিটি” গঠন।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে ২০১২ সালের এসএসসি পরীক্ষা পরিচালনার নিমিত্তে নিম্নবর্ণিত নীতিমালা অনুযায়ী তাঁর উপজেলার এসএসসি পরীক্ষা কেন্দ্রসমূহের পরীক্ষা সূষ্ঠভাবে গ্রহণের লক্ষ্যে প্রত্যেক কেন্দ্রের ক্ষেত্রে ১৫(পনের) সদস্য বিশিষ্ট “কেন্দ্র কমিটি” জরুরী ভিত্তিতে গঠন করতঃ বিষয়টি নিম্ন স্বাক্ষরকারীকে অবহিত করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হ'ল।

**কেন্দ্র কমিটি গঠনের নীতিমালাঃ**



- ০১। **চেয়ারম্যান :** জেলা সদরের জন্য জেলা প্রশাসক, উপজেলা ও অন্যান্য স্থানের কেন্দ্রের জন্য সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার অথবা প্রথম শ্রেণীর একজন কর্মকর্তা।
- ০২। **সদস্যবৃন্দ :**
  - ক) জেলা শিক্ষা অফিসার জেলা সদরের জন্য/উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার উপজেলার ক্ষেত্রে।
  - খ) বোর্ড কর্তৃক স্বীকৃতিপ্রাপ্ত কেন্দ্রাধীন সকল বিদ্যালয় প্রধান। তবে কেন্দ্রাধীন বিদ্যালয়ের সংখ্যা ১০ (দশ) এর বেশী হলে কেন্দ্র কমিটির চেয়ারম্যান উক্ত বিদ্যালয়সমূহের মধ্য হতে ১০ (দশ)টি বিদ্যালয়ের প্রধান শিক্ষককে কেন্দ্র কমিটির সদস্য মনোনীত করবেন।
  - গ) শিক্ষায় অগ্রহী স্থানীয় ব্যক্তিগণ কেন্দ্র কমিটির চেয়ারম্যান কর্তৃক সদস্য হিসেবে মনোনীত হতে পারবেন।
  - ঘ) প্রথম শ্রেণীর পুলিশ কর্মকর্তা অথবা তাঁর মনোনীত প্রতিনিধি (খানার ভারপ্রাপ্ত কর্মকর্তা পদমর্যাদার নিচে না) কেন্দ্র কমিটির চেয়ারম্যান কর্তৃক সদস্য হিসেবে মনোনীত হতে পারবেন।
  - ঙ) সিভিল সার্জন অথবা তাঁর মনোনীত প্রতিনিধি (প্রথম শ্রেণীর কর্মকর্তা) কেন্দ্র কমিটির চেয়ারম্যান কর্তৃক সদস্য হিসেবে মনোনীত হতে পারবেন।
  - চ) উপজেলায় উপজেলা স্বাস্থ্য কর্মকর্তা/তাঁর মনোনীত প্রতিনিধি (প্রথম শ্রেণীর কর্মকর্তা) কেন্দ্র কমিটির চেয়ারম্যান কর্তৃক সদস্য হিসেবে মনোনীত হতে পারবেন।
- ০৩। **কেন্দ্র সচিব :**

কমিটি নিম্নবর্ণিত নিয়মে কেন্দ্র সচিব নির্বাচিত করবেনঃ

কেন্দ্র বিদ্যালয়ের প্রধান শিক্ষক উক্ত পরীক্ষা কেন্দ্রের ‘সচিব’ হবেন (যদি বোর্ড কর্তৃক ফোন নিষেধাজ্ঞা না থাকে)। এছাড়া উদ্ভূত প্রয়োজনে জেলা শিক্ষা অফিসার/উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার/প্রথম শ্রেণীর যে কোন কর্মকর্তা কেন্দ্র সচিব হিসেবে দায়িত্ব পালন করতে পারবেন। তবে কোন শিক্ষক অথবা কোন কর্মকর্তার ছেলে/মেয়ে/পোষ্য সংশ্লিষ্ট কেন্দ্রে পরীক্ষায় অংশ গ্রহণ করলে তিনি কেন্দ্র সচিব হতে পারবেন না।

**বিতরণ :**

- ০১। জেলা প্রশাসক  
অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন সকল জেলা।
- ০২। উপজেলা নির্বাহী অফিসার।  
অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন সকল উপজেলা।

  
খ.ম রশিদুল ইসলাম  
পরীক্ষা নিয়ন্ত্রক  
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড  
দিনাজপুর  
  
২৫/০১  
২২

**অবগতি ও কার্যার্থে অনুলিপি :**

- ০১। কেন্দ্র সচিব, অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন সকল এসএসসি পরীক্ষা কেন্দ্র -২০১২।
- ০২। উপ-পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক, অত্র শিক্ষা বোর্ড।
- ০৩। পি এস টু চেয়ারম্যান, অত্র শিক্ষা বোর্ড।
- ০৪। সংরক্ষণ নথি।